


যুগান্তর

এমসি কলেজের সাবেক শিক্ষার্থীদের মিলনমেলা

প্রকাশ : ২০ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 সিলেট ব্যুরো

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে সরকারি এমসি কলেজ সিলেটের ১৯৮৩-৮৪ ব্যাচের শিক্ষার্থীদের মিলনমেলা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার রাতে নগরীর একটি অভিজাত হোটেলের সম্মেলনকক্ষে এ মেলার আয়োজন করা হয়। ৩৬ বছর পর মিলিত হয়ে সবাই আবেগাপ্লুত হয়ে পড়েন। সবাই পুরনো দিনের স্মৃতি মনে করে আড্ডায় মিলিত হন, সবাই যার যার মতো করে স্মৃতিচারণ করেন। ফেলে আসা পুরনো দিনের স্মৃতিচারণ করতে গিয়ে অনেকে ধরে রাখতে পারেননি চোখের পানি। একসঙ্গে নৈশভোজে অংশ নেন তারা। এতে আয়োজন করা হয়েছিল মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের।

মিলনমেলায় উপস্থিত ছিলেন কলেজের সাবেক শিক্ষার্থী এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এডিশনাল রেজিস্ট্রার সৈয়দ ছলিম মো. আবদুল কাদির, কলেজের সাবেক শিক্ষার্থী ফায়সাল ইউসুফ, রুবেল, পল্লব, অসীম, শাহজাহান, জহুরুল, বখত, হানিফ, মহসিন, হালিম, সুরাব, আলী, বাহার, মিহির, মোস্তফা, সোয়েব, জুনেদ, কাইউম, সুজাত ও নুরুজ আলী।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।